দৈনিক জনকণ্ঠ

৪০

তারিখ 30 APR 1995
পৃষ্ঠা ৮ কলাম ৭৮

# ঢাকা বিশ্ববিদ্যালয় ॥ প্রিলিমিনারি ভর্তি প্রসঙ্গে

ইদানীং কিছু সংবাদপত্র ও বিশ্বস্ত সূত্রে জানতে পারলাম যে, এ বছর থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রিলিমিনারি ভর্তি পরীক্ষায় নতুন নিয়ম প্রবর্তন করা হচ্ছে। এই নিয়ম অনুসারে যে সকল ছাত্রছাত্রী শিক্ষা জীবনে তৃতীয় বিভাগ ছাড়া স্নাতক পর্যন্ত ন্যূনতম ৬ পয়েন্ট পেয়েছেন কেবল তাদেরকেই ভর্তি পরীক্ষায় অংশ নিতে দেয়া হবে।

যদি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ নিয়ম প্রবর্তন করেন, তাহলে আমাদের দেশের অধিকাংশ ছাত্রছাত্রীর দেশের এই সর্বোচ্চ বিদ্যাপীঠে ন্যূনতম ভর্তি পরীক্ষার প্রতিযোগিতা হতে বঞ্চিত হবে। এমনিতে আমাদের দেশের শিক্ষা-ব্যবস্থা বিশ্বের উন্নত দেশ অপেক্ষা খারাপ। তা ছাড়া আমাদের দেশের আর্থ-সামাজিক অবস্থাও তো সবারই জানা।

আমাদের দেশের অনেক ছাত্রছাত্রীর মেধা থাকা সত্ত্বেও বিভিন্ন প্রতিকূলতার কারণে শিক্ষাজীবনে বিপর্যয়ের সম্মুখীন হয়। এমনও দেখা গেছে, যে ছাত্রটি কোন না কোন কারণে মাধ্যমিক স্তরে তৃতীয় বিভাগ পায়, পরবর্তী ঐ ছাত্রটিই উচ্চ মাধ্যমিক ও স্নাতক স্তরে কৃতিত্বের সাথে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে।

বিগত বছরগুলোর বিভিন্ন শ্রেণীর [নৈর্ব্যক্তিক শুরু হবার পূর্ব পর্যন্ত] পরীক্ষার ফলাফল বিশ্লেষণ করলে দেখা যাবে, আমাদের দেশের অনেক ছাত্রছাত্রী শিক্ষাজীবনে কোন না কোন কারণে তৃতীয় বিভাগ পেয়েছে।

তাই এসব দৃষ্টিকোণ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট আমাদের আবেদন, মাস্টার্স প্রথম পর্ব ভর্তি পরীক্ষার পূর্ববর্তী নিয়ম বহাল রাখা। অর্থাৎ যে সকল ছাত্রছাত্রী স্নাতক পর্যন্ত ন্যূনতম ৫ পয়েন্ট পেয়েছে, তাদেরকে ভর্তি পরীক্ষায় অংশ নেয়ার সুযোগ দেয়া।

ভর্তি পরীক্ষার ফলাফলের ওপর ভিত্তি করে মেধা স্কোর তৈরি করা এবং যে সকল ছাত্রছাত্রী উক্ত মেধা স্কোরে স্থান পাবে তাদেরকে ভর্তির অনুমতি দেয়া।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আমাদের আকুল আবেদন, দেশের সংখ্যাগরিষ্ঠ ছাত্রছাত্রীর সমস্যার কথা ভেবে প্রিলিমিনারি ভর্তির পূর্ববর্তী নিয়ম বহাল রাখুন।

*মাসুদ, কামাল ও অন্যান্য*
*বি ২৬/২, বাবর রোড*
*মোহাম্মদপুর, ঢাকা-৭।*